দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 21 AUG 2007 ...
পৃষ্ঠা · ১৬ কলাম ৪ ...

# নিষিদ্ধ ও অবৈধ ঘোষিত ৫৬ বিশ্ববিদ্যালয়ের বিষয় পুনর্বিবেচনা করবে ইউজিসি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

অবৈধ ও নিষিদ্ধ ঘোষিত ছাপান্নটি বিশ্ববিদ্যালয় ও শিক্ষা সহায়ক প্রতিষ্ঠানের বিষয়টি পুনর্বিবেচনা করবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। এ লক্ষ্যেই অবৈধ ও নিষিদ্ধ ঘোষিত প্রতিষ্ঠান সম্পর্কে বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে।

ইউজিসির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম জানান, বাতিল করা প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে পুনর্বিবেচনার এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

পুনর্বিবেচনার অংশ হিসেবে গতকাল সোমবার ইউজিসি অবৈধ ঘোষিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে আমন্ত্রণ জানায়। তবে ইউজিসির আমন্ত্রণে সাড়া দেয়নি অধিকাংশ প্রতিষ্ঠান। মাত্র ১৩ টি প্রতিষ্ঠান আলোচনায় অংশ নিয়ে তাদের সপক্ষে যুক্তি উপস্থাপন করে অবৈধ তালিকা থেকে তার প্রতিষ্ঠানকে বাদ দেয়ার দাবি জানান। ইউজিসি চেয়ারম্যানের উপস্থিতিতে অনুষ্ঠিত এ আলোচনা সভায় প্রতিষ্ঠানগুলো স্বীকার করে, তারা সিটি কর্পোরেশন থেকে ট্রেড লাইসেন্স বা বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। ইউজিসি চেয়ারম্যান আলোচনা শেষে সাংবাদিকদের জানান, অবৈধ ঘোষিত ৫৬ টি প্রতিষ্ঠানের মধ্যে ৪/৫ টি মানসম্মত, কয়েকটি মোটামুটি আর বাকিগুলো একেবারেই নিম্নমানের। ব্যবসা নিয়ে বসছে এসব প্রতিষ্ঠান। তিনি আরো বলেন, যে প্রতিষ্ঠানটি উচ্চশিক্ষা কার্যক্রম চালাচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। তবে যারা ডিপ্লোমা, এইচএসসি বা স্কুল পর্যায়ের শিক্ষা কার্যক্রম চালাচ্ছে তাদের বিরুদ্ধে ইউজিসির কিছুই করার নেই। শিক্ষা মন্ত্রণালয় এদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। ট্রেড লাইসেন্স নিয়ে শিক্ষা চালানো অবৈধ কিনা এমন প্রশ্নের জবাবে ইউজিসির চেয়ারম্যান বলেন, অবশ্যই অবৈধ। এদের বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়কে ব্যবস্থা নিতে হবে। আমাদের কিছুই করার নেই।

(১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## নিষিদ্ধ ও অবৈধ ঘোষিত

(১৬শ পৃঃ পর)

ইউজিসির আমন্ত্রণে সাড়া দিয়ে যারা আসেনি তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হবে কিনা, এমন প্রশ্নের জবাবে ইউজিসির চেয়ারম্যান জানান, যে প্রতিষ্ঠানগুলো তাদের প্রতিষ্ঠানকে বৈধ করার চিন্তা-ভাবনা করছে তাদের আসতে হবে ইউজিসির কাছে।